**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/12/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ঘোষণা করলেন কেন্দ্রীয় ব্যবসা জেলার টোলিং কর্মসূচির চূড়ান্ত পরিবেশ সংক্রান্ত মূল্যায়ন এবং 'কোনও উল্লেখযোগ্য প্রভাব পাওয়া যায়নি' খসড়াটি এখন উপলভ্য

***দেশের প্রথম কেন্দ্রীয় ব্যবসা জেলার টোলিং কর্মসূচির অনুমোদনের প্রক্রিয়ায় একটি মাইলফলক; আঞ্চলিক বাতাসের মান উন্নত করবে, নিউ ইয়র্ক সিটির মারাত্মক যানজটের সমস্যা সমাধান করবে এবং ট্রানজিটের জন্য অতি গুরুত্বপূর্ণ মূলধন তহবিল প্রদান করবে***

***পরিবেশ সংক্রান্ত যাচাইয়ের আপডেট পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার সম্প্রদায়সমূহের প্রতি প্রতিশ্রুতিকে অগ্রসর করে***

***নথির প্রকাশনা জনগণের নোটিশের জন্য আনুষ্ঠানিকভাবে নথির উপলভ্যতার 30 দিনের সময়কাল শুরু করে***

***ট্র্যাফিক চলাচল পর্যালোচনা বোর্ড টোলের হার ও কাঠামোর জন্য সুপারিশ প্রদান করতে কাজ করবে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA), নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগ (New York State Department of Transportation, NYS DOT) এবং নিউ ইয়র্ক সিটির পরিবহন বিভাগ (New York City Department of Transportation, NYC DOT) কেন্দ্রীয় ব্যবসা জেলার টোলিং কর্মসূচির (Central Business District Tolling Program) জন্য চূড়ান্ত পরিবেশ সংক্রান্ত মূল্যায়ন (Final Environmental Assessment, EA) এবং 'কোনও উল্লেখযোগ্য প্রভাব পাওয়া যায়নি (Finding of No Significant Impact, FONSI) ' খসড়া প্রকাশ করেছে, যা ফেডারেল হাইওয়ে প্রশাসন (Federal Highway Administration, FHWA) প্রস্তুত করেছে।

"এটি একটি উল্লেখযোগ্য মাইলফলক যা আমাদেরকে এমন একটি ভবিষ্যতের আর কাছে নিয়ে যায় যেখানে নিউ ইয়র্কবাসীরা আরো পরিচ্ছন্ন বাতাস, আরো উন্নত গণপরিবহন এবং আমাদের সড়কে কম যানজট দেখবে," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্ক সিটির দীর্ঘমেয়াদি সাফল্যের

জন্য এবং আমাদের যাত্রী ও ব্যবসাগুলি যাতে প্রবৃদ্ধি ও সমৃদ্ধি করতে পারে তা নিশ্চিত করতে এই কর্মসূচিটি অতি গুরুত্বপূর্ণ।"

আজকে নথি প্রকাশিত হওয়ার ফলে একটি 30 দিনের সময়কাল শুরু হলো যখন সেগুলি আনুষ্ঠানিকভাবে জনগণের মতামতের জন্য অনলাইনে, এখানে উপলভ্য থাকবে। যারা কাগজের কপি দেখতে ইচ্ছুক তারা ওয়েবসাইটে স্থানের যে তালিকা প্রদান করা আছে সেখানে যেতে পারে। 30 দিন পার হয়ে গেলে, ফেডারেল হাইওয়ে প্রশাসন এর চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে, কেন্দ্রীয় ব্যবসা জেলার টোলিং কর্মসূচির অনুমতি দিলে সম্ভাব্য পরিবেশ সংক্রান্ত প্রভাব নিয়ে এর পর্যালোচনার কাজ সম্পূর্ণ করবে। ফেডারেল হাইওয়ে প্রশাসনের সাথে একটি টোলিং চুক্তিতে প্রবেশ করার পর, 310 দিনের মধ্যে টোলিং শুরু করা যেতে পারে, যেই সময়ের মধ্যে ঠিকাদারগণ টোলিং সরঞ্জামের নকশা, গঠন, পরীক্ষা ও সক্রিয় করার কাজ করবে।

এই সময়কালে, একটি ছয় সদস্যের ট্র্যাফিক চলাচল পর্যালোচনা বোর্ড (Traffic Mobility Review Board, TMRB) সকল প্রকার সম্ভাব্য ছাড়, পারাপার ক্রেডিট এবং/অথবা মউকুফসহ সুপারিশকৃত টোলের হার তৈরি করবে। এই টোল সংগ্রহ করবে যেই MTA এজেন্সি, ট্রেইলবরো ব্রিজ এবং টানেল কর্তৃপক্ষ (Triborough Bridge and Tunnel Authority), তার বোর্ড হিসেবে এর লিগেসি ক্ষমতায় দায়িত্ব পালন করা MTA বোর্ডের কাছে সুপারিশগুলি পেশ করা হবে। প্রস্তাবিত টোলিং কাঠামোর ফাইলিং এবং প্রকাশনা এবং একটি জনগণের মতামতের সময়কালের পর, টোলিং কাঠামো গ্রহণ করার পূর্বে MTA একটি গণশুনানি আয়োজন করবে।

**নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন,** "ফেডারেল সরকার যানজটের উপর দর বসানোর উপর আরেকবার মত দিয়েছে, এবং আমরা এটি সঠিকভাবে করার জন্য প্রস্তুত আছি। এটি শুধু ট্র্যাফিক কম করার জন্য নয়। আমরা আমাদের পরিবহন ব্যবস্থায় বিনিয়োগ করবো এবং সবথেকে বেশি দূষিত সম্প্রদায়সমূহের বাতাস পরিষ্কার করবো। একটি আরো বলিষ্ঠ ভবিষ্যৎ তৈরি করার অর্থ হলো সেই প্রক্রিয়ায় সকলকে অন্তর্ভুক্ত করা নিশ্চিত করা এবং আমরা উপেক্ষিত সম্প্রদায়গুলিতে এর পরিণতি চাপিয়ে দিবো না। এই পরিকল্পনাটি সকল নিউ ইয়র্কবাসীর জন্য কাজ করবে এবং কাউকে অগ্রাহ্য করবে না। এটিকে অগ্রসর করার জন্য ক্রমাগত কাজ চালিয়ে যেতে থাকা মার্কিন পরিবহন সচিব বুডাজাজ, গভর্নর হোকল, কংগ্রেসম্যান টোরেস, এবং অন্য সকল অ্যাডভোকেটকে আমি ধন্যবাদ জানাতে চাই।"

**MTA এর প্রধান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার বলেন,** "যানজটের উপর দর বসানোর অর্থ হলো ট্র্যাফিক কমানো, আরো অর্থনৈতিক সুযোগ, এবং আরো ভালো ট্রানজিট।"

**নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন,** "কেন্দ্রীয় ব্যবসা জেলা টোলিং কর্মসূচির জন্য পরিবেশ সংক্রান্ত মূল্যায়নটি প্রত্যয়িত করতে এর অধ্যবসায়ের জন্য MTA এবং NYCDOT এর সহযোগিতায় স্টেটের পরিবহন বিভাগ FHWA এর প্রতি কৃতজ্ঞ।বলিষ্ঠ জনসম্পৃক্ততার একটি যথাযথ প্রক্রিয়ায় এটি হয়েছে এবং যদিও এখনো কাজ বাকি আছে, আমরা এই প্রক্রিয়াটি অগ্রসর করার জন্য আমাদের অংশীদার এবং সম্প্রদায়ের সাথে কাজ অব্যাহত রাখবো।"

**নিউ ইয়র্ক সিটির পরিবহন বিভাগের কমিশনার ইদানিশ রড্রিগেজ বলেন,** "যানজটের উপর দর বসানো হলে তা আমাদের জীবনযাত্রার মান উন্নত করবে, বাসের গতি বৃদ্ধি করবে, আমাদের সড়ককে নিরাপদতর এবং আমাদের বাতাসকে পরিচ্ছন্নতর করবে। সমতা এবং পরিবেশগত ন্যায়বিচার (environmental justice, EJ) প্রদান করার ব্যাপারে কেন্দ্রীভূত একটি কর্মসূচি বাস্তব করার ব্যাপারে এটি অতি গুরুত্বপূর্ণ একটি অগ্রগামী ধাপ। যানজটের উপর দর বসানোর ক্ষেত্রে আমরা গর্বিত অংশীদার এবং মার্কিন যুক্তরাষ্ট্রের এধরনের প্রথম এই কর্মসূচিটি অগ্রসর করার জন্য সিটি, স্টেট, এবং ফেডারেল পরাজয়ের আমাদের অংশীদারদের সাথে কাজ অব্যাহত রাখতে আমরা উন্মুখ।"

**প্রতিনিধি রিচি টোরেস বলেন,** "সরকারি অফিসে দায়িত্ব গ্রহণের সময় থেকেই আমি যানজটের উপর দর বসানোর পক্ষে কথা বলেছি এই আশায় যে এর ফলে যানজট কম হবে, বাতাসের মান উন্নত হবে, অ্যাজমার হার হ্রাস পাবে, এবং আমেরিকার সর্ববৃহৎ শহরের জীবনীশক্তি, MTA স্থিতিশীল হবে। একই সময়ে, আমি বলেছি যে যানজটের উপর যেকোনও দর বসানোর পরিকল্পনার পূর্বে অবশ্যই ব্রঙ্কসের অনন্য পরিবেশ সংক্রান্ত ও জনস্বাস্থ্য প্রয়োজনসমূহকে স্বীকৃতি ও সম্মান দিতে হবে। উল্লেখযোগ্য পরিমাণ বায়ু দূষণ ও গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার জন্য পাঁচ বছরে 155 মিলিয়ন মার্কিন ডলার নতুন বিনিয়োগ, যার মধ্যে রয়েছে ডিজেল ট্রাকের পরিবহনের রেফ্রিজারেশন ইউনিট প্রতিস্থাপন, বৈদ্যুতিক যানের অবকাঠামো নির্মাণ, স্কুল অ্যাজমা কর্মসূচির বিকাশ, স্থানীয় পার্ক ও সবুজ স্থানের সংস্কার, এবং বাতাসের মানের নজরদারির উন্নয়ন, সেটি সফলভাবে নিশ্চিত করতে পেরে আমি গর্বিত। আমাদের সম্প্রদায়ের উদ্বেগ শোনার জন্য এবং ব্রঙ্কসে ও তার বাইরেও পরিবেশগত বর্ণবাদের দীর্ঘ ও কদাকার ইতিহাস পাল্টে দেওয়া শুরু করব যেমন পরিবেশগতভাবে ন্যায্য একটি যানজটের উপর দর বসানোর পরিকল্পনা অগ্রসর করতে আমার সাথে যোগ দেওয়ার জন্য গভর্নর হোকল, MTA প্রধান লিবার, মেয়র অ্যাডামস, এবং বাইডেন প্রশাসনকে আমার ধন্যবাদ।"

**প্রতিনিধি জেরোল্ড ন্যাডলার বলেন,** "যানজটের উপর দর বসানোর ব্যাপারে FWHA এর অনুমোদন হলো পরিচ্ছন্নতর বাতাস, আরো নিরাপদ সড়ক, এবং উন্নত গণপরিবহনের জন্য আমাদের লড়াইয়ে নিউ ইয়র্কবাসীর জন্য একটি বিজয়। আমি ধারণটির শুরু থেকেই যানজটের উপর দর বসানোর জন্য লড়াই করেছি কারণ পার্কের জন্য সবুজ স্থান, সংরক্ষিত বাইক লেন, এবং যাতায়াতের সময় দ্রুততর ও আরো কার্যকর করতে নিবেদিত বাস লেন তৈরির জন্য আমাদের অতিরিক্ত ভিড়পূর্ণ রাস্তা থেকে গাড়ি সরিয়ে নেওয়ার এটিই সেরা উপায়। নিউ ইয়র্ক যাতে দেশের প্রথম হিসেবে এই পন্থা বাস্তবায়ন করতে পারে তার জন্য আমার কাজ নিয়ে আমি গর্বিত, এর ফলে MTA এর অতি গুরুত্বপূর্ণ তহবিল পাবে। এখন যেহেতু ফেডারেল সরকারের থেকে এই কর্মসূচির ব্যাপারে সম্মতি পাওয়া গেছে, আমি তাই অবশেষে কোনও বিলম্ব ছাড়া যানজটের উপর দর বসানোর কাজ বাস্তবায়ন করতে MTA, ট্র্যাফিক চলাচল পর্যালোচনা বোর্ড, এবং সম্প্রদায়ের নেতৃবৃন্দের সাথে আমার অংশীদারিত্ব অব্যাহত রাখতে উন্মুখ।"

**প্রতিনিধি ড্যান গোল্ডম্যান বলেন,** "যানজটের উপর দর বসানোর মাধ্যমে দেশের জন্য একটি আদর্শ হিসেবে কাজ করতে এবং আমাদের বাতাসের মান ও গণপরিবহন ব্যবস্থায় অত্যাবশ্যকীয় উন্নয়নের পথ তৈরি করতে নিউ ইয়র্ক সিটি প্রস্তুত। এই প্রমাণিত এবং অত্যধিক গুরুত্বপূর্ণ

নীতিমালা ট্র্যাফিক হ্রাস করবে, পরিবেশের জন্য লাভজনক হবে, আমাদের পরিবহন অবকাঠামোকে উন্নত করবে এবং আমাদের সড়ককে আরো নিরাপদ করবে। যানজটের উপর দর বসানো হলো নিউ ইয়র্কের আইনকে স্থাপন করার এবং আমাদের শহরকে ভবিষ্যতে নিয়ে যাওয়ার আরো এক ধাপ কাছে চলে যাওয়া। আসুন এটি করা যাক।"

**প্রতিনিধি আদ্রিয়ানো এস্পিয়াত বলেন,** "আমি খুশি যে মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষ, নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগ, এবং নিউ ইয়র্ক সিটির পরিবহন বিভাগ কেন্দ্রীয় ব্যবসা জেলার টোলিং কর্মসূচির জন্য তাদের চূড়ান্ত পরিবেশ সংক্রান্ত মূল্যায়ন প্রকাশ করেছে। সংবেদনশীল এই সময়কালে টোলিং কর্মসূচির সকল দিক সম্পূর্ণ যাচাই করা অব্যাহত রাখা আমাদের জন্য অতি গুরুত্বপূর্ণ। পর্যাপ্ত স্টেকহোল্ডারের মতামতসহ এই কর্মসূচিটি যাতে সফলভাবে করা সম্ভব হয় তা নিশ্চিত করতে এবং কর্মজীবী নিউ ইয়র্কবাসীর জন্য অত্যাবশ্যকীয় উন্নয়ন নিশ্চিত করতে ফেডারেল পর্যায়ে এইসব এজেন্সির সাথে আমার সহযোগিতামূলক কাজ আরো অগ্রসর করতে আমি উন্মুখ।"

**স্টেটের সিনেটর লিজ ক্রুগার বলেন,** "যারা ম্যানহাটনে বাস ও কাজ করে তারা খুব ভালো করেই আমাদের দৈনন্দিন জীবনে যানজটের নেতিবাচক প্রভাব, বায়ু দূষণ, কোলাহল, সড়কে অধিক ভিড়ের ফলে পথচারীদের ঝুঁকি, এবং যখন আমাদের গাড়ি বা ট্যাক্সি ব্যবহার করতে হয় তখন যানজটে আটকে পড়ার হতাশা, ইত্যাদি সম্পর্কে জানে। এছাড়াও আমরা ভালোভাবে অর্থায়িত, নির্ভরযোগ্য, দ্রুত গণপরিবহনের সুবিধা সম্পর্কেও জানি। যানজটের উপর দর বসানো একটি ব্যবহৃত এবং পরীক্ষিত পদ্ধতি যা যানজট হ্রাস করবে, ম্যানহাটনের জীবনযাত্রার মান উন্নত করবে, এবং অধিকাংশ নিউ ইয়র্কবাসী প্রতিদিন যে সাবওয়ে ও বাসের উপর নির্ভর করে তার সমর্থনে নিদারুণভাবে প্রয়োজনীয় তহবিল প্রদান করবে। অবশেষে এই কর্মসূচিটিকে অগ্রসর হতে দেখে আমি খুশি, এক্ষেত্রে জনগণের মতামত প্রদানের আরো একাধিক সুযোগ রয়েছে এবং যত দ্রুত সম্ভব এর সম্পূর্ণ বাস্তবায়ন দেখার জন্য আমি উন্মুখ।"

**স্টেটের সিনেটর ব্র্যাড হলিম্যান-সিগাল বলেন,** "2019 সালেই যানজটের উপর দর বসানোর ধারণাটির সময় চলে এসেছিলো। এখন 2023 সাল, এটি আরো আগেই হওয়া উচিত ছিলো। দেশের প্রথম কেন্দ্রীয় ব্যবসা জেলার টোলিং কর্মসূচির জন্য ভোট দিতে পেরে আমি গর্বিত কারণ এর অর্থ হলো সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরো ভালো ট্রানজিট, আমার নাগরিকদের সকলের জন্য পরিচ্ছন্নতর বায়ু ও আরো নিশ্চুপ সড়ক, এবং রাস্তার সকল ব্যবহারকারীর জন্য আরো বেশি সুবিধা। আমরা যাতে অবশেষে এই অতি গুরুত্বপূর্ণ প্রকল্প বাস্তবায়ন করতে পারি তার জন্য দ্রুতগতিতে চূড়ান্ত পরিবেশ সংক্রান্ত মূল্যায়ন জারি করার জন্য আমি গভর্নর হোকল এবং MTA কে ধন্যবাদ জানাচ্ছি।"

**ম্যানহাটন বরোর প্রেসিডেন্ট মার্ক লেভিন বলেন,** "ম্যানহাটনে গাড়ির মালিকানার হার দেশে সর্বনিম্ন হারের একটি, কিন্তু এখানকার ট্র্যাফিক সবথেকে খারাপ ট্র্যাফিকের একটি। যানজটের উপর দর বসানো হলে শহরের সড়কে যানবাহনের সংখ্যা হ্রাস পাবে, এবং একইসাথে গণপরিবহন ব্যবস্থার নিদারুণভাবে প্রয়োজনীয় তহবিল তাদের প্রদান করবে। এর যাতে কোনও উল্লেখযোগ্য বিরূপ প্রভাব না থাকে তা নিশ্চিত করতে MTA গুরুত্বপূর্ণ প্রতিশ্রুতি গ্রহণ করছে, এটি বড় একটি পদক্ষেপ। কিন্তু এখনো বিস্তারিত কিছু কাজ বাকি, তাই আমি নিউ

ইয়র্কবাসীদেরকে গণশুনানি প্রক্রিয়ায় অংশগ্রহণ করার জন্য উৎসাহিত করছি। এই কর্মসূচিটি যাতে সফল হতে পারে তা নিশ্চিত করার এটিই সময়।"

**অ্যাসোসিয়েশন ফর এ বেটার নিউ ইয়র্কের (Association for a Better New York) সভাপতি স্টিভেন রুবেনস্টাইন বলেন,** "যানজটের উপর দর বসানোর এই দীর্ঘ প্রতীক্ষিত অনুমোদন ও বাস্তবায়নের দিকে এই মুখ্য ধাপগুলি অর্জন করার জন্য আমরা MTA এর প্রশংসা করছি। শহর এবং এর ব্যবসার সমৃদ্ধির জন্য, নিউ ইয়র্কবাসীদের প্রয়োজন নির্ভরযোগ্য গণপরিবহন এবং সর্বদা ট্র্যাফিকে থেমে থাকে না এমন সড়ক। যানজটের উপর দর বসানো হলে তা আমাদের অঞ্চলকে অর্থনৈতিকভাবে আরো প্রতিযোগী, টেকসই, এবং বাসযোগ্য করবে।"

**রিইনভেন্ট অ্যালবানির (Reinvent Albany) সিনিয়র নীতিমালার উপদেষ্টা র‍্যাচেল ফস বলেন,** "যানজটের উপর দর বসানোর জন্য যে ফেডারেল সরকার প্রাথমিক সম্মতি প্রদান করেছে তা নিউ ইয়র্কবাসীদের জন্য দারুণ একটি সংবাদ বলে আমরা মনে করি। MTA এর মূলধন পরিকল্পনার জন্য প্রয়োজনীয় 15 বিলিয়ন মার্কিন ডলার অর্জন করা সম্ভব করতে যত দ্রুত সম্ভব কর্মসূচিটি শুরু করা নিশ্চিত করতে গভর্নর হোকলের অব্যাহত দৃঢ় নেতৃত্ব দেখতে আমরা উন্মুখ। এখন সময় হলো ট্র্যাফিক চলাচল পর্যালোচনা বোর্ডের জন্য তথ্য ও সাধারণ বুদ্ধি ব্যবহার করে MTA বোর্ডের কাছে টোলের মাত্রা সুপারিশ করা এবং যানজটের উপর দর বসানোর আইনকে অনুশীলনে পরিণত করা।"

**MTA এর স্থায়ী নাগরিকদের উপদেষ্টা কমিটির (Permanent Citizens Advisory Committee) নির্বাহী পরিচালক লিসা ড্যাগলিন বলেন,** "চূড়ান্ত EA এবং খসড়া FONSI তে FHWA এর আইনি পর্যাপ্ততার চিঠি এবং প্রশমন প্যাকেজের যে বিস্তারিত রয়েছে তা ইঙ্গিত করে যে যানজটের উপর দর বসানোর কাজ শীঘ্রই হতে যাচ্ছে। আরো ট্রানজিট বিনিয়োগ, কম ট্র্যাফিক, এবং আরো ভালো বাতাসের মানসহ একটি অঞ্চল পেতে এই প্রথম পরবর্তী ধাপটি যাত্রী এবং চালকসহ যানজটের উপর দর বসানো দ্বারা উপকৃত হবে এমন অন্যান্য কয়েক মিলিয়ন মানুষের জন্য বড় একটি বিজয়। পর্যালোচনা প্রক্রিয়ার সময়ে উত্থিত সম্ভাব্য সমতার প্রভাব সমাধান করার জন্য প্রশমন ব্যবস্থা নিশ্চিত করতে তাদের প্রয়াসে অত্যন্ত অধ্যবসায়ী হওয়ার জন্য আমরা USDOT, গভর্নর হোকল, MTA এবং এরই অংশীদারগণ, NYS DOT, এবং NYC DOT এর প্রশংসা করছি, এই ব্যবস্থার মধ্যে থাকবে পরিবেশগত ন্যায়বিচার সম্প্রদায়সমূহে, বিশেষ করে ব্রঙ্কসে, আরো ভালো ফলাফলের জন্য নিম্ন আয়ের চালকদের জন্য ছাড়, ট্যাক্সি এবং ভাড়ার যানবাহনের জন্য ফি সীমিত করা, এবং বাতাসের মান উন্নত করা। নিউ ইয়র্ক নেতৃত্ব দিলে, অন্যরা অনুসরণ করবে।"

**আঞ্চলিক পরিকল্পনা অ্যাসোসিয়েশনের (Regional Plan Association, RPA) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা টম রাইট বলেন,** "অনেক দশক ধরে, নিউ ইয়র্ক সিটি তীব্র যানজটের সমস্যায় ভুগছে, যা আমাদের শ্বাস গ্রহণের বায়ুকে দূষিত করে, আমাদের রাস্তা জ্যাম করে, আমাদের সম্প্রদায়সমূহের ক্ষতি করে, এবং আমাদের অর্থনীতিকে দুর্বল করে। কোভিডের পর এটি আরো খারাপ হয়েছে যেহেতু আরো বেশি যাত্রী নিজস্ব গাড়ি ব্যবহার শুরু করেছে। যানজটের উপর দর বসানোর পরিবেশ সংক্রান্ত মূল্যায়ন প্রকাশ হওয়ার মাধ্যমে আমরা অবশেষে এই সমস্যা সমাধানের এবং চালক, ট্রানজিটের যাত্রী এবং সম্প্রদায় সকলকে

একইভাবে উপকৃত করবে এমন একটি নীতিমালা বাস্তবায়ন করার আরো এক ধাপ অগ্রসর হলাম। গুরুত্বপূর্ণ এই মাইলফলকে পৌঁছানোর জন্য গভর্নর হোকল এবং MTA কে RPA অভিনন্দন জানাচ্ছে, এবং কর্মসূচিটি যাতে টোল শপিং, মওকুফ সীমিত করা এবং প্রশমন ব্যবস্থার অর্থায়নের প্রণোদনা হ্রাস করার মাধ্যমে এর সম্পূর্ণ সম্ভাবনা অর্জন করতে পারে তা নিশ্চিত করতে MTA, নিউ ইয়র্ক সিটি এবং সম্পূর্ণ ট্রাই-স্টেট অঞ্চলের সাথে কাজ করতে আমরা উন্মুখ। সঠিকভাবে করা হলে যানজটের উপর দর বসানোর ফলে স্বাস্থ্যকর শহর ও অঞ্চল, ট্রানজিটের উন্নয়নকাজের জন্য অত্যাবশ্যকীয় তহবিল, এবং আরো সমৃদ্ধ একটি অঞ্চল পাওয়া যাবে।"

**পরিবহন অল্টারনেটিভসের (Transportation Alternatives) পাবলিক অ্যাফেয়ার্স ডেপুটি নির্বাহী পরিচালক এলিজাবেথ অ্যাডামস বলেন,** "যানজটের উপর দর বসানো হবে সেন্ট্রাল ব্যবসা জেলায় হাঁটা, বাইক চালানো, গণপরিবহন ব্যবহার করা, বা গাড়ি চালানো সকলের জন্যও একটি বিজয়। ফেডারেল সরকারের অনুমতি পাওয়া গেছে তাই এখন অবিলম্বে যানজটের উপর দর বসানো বাস্তবায়ন করা এবং গাড়ি থেকে সেই স্থানটি স্থায়ীভাবে নিয়ে নেওয়ার পদক্ষেপ গ্রহণের জন্য এখনই নিউ ইয়র্কের সময়। আমাদের সড়কের স্থানে এত যানজট না থাকলে, আমরা এমন সড়ক বানাতে পারবো যা সত্যিই নিউ ইয়র্ক সিটির মানুষকে সেবাদান করবে, যেখানে আরো সবুজ স্থান, আরো ভালো ট্রানজিট, ও পরিচ্ছন্নতর বায়ু থাকবে।"

**রাইডার্স অ্যালায়েন্সের (Riders Alliance) নির্বাহী পরিচালক বেটসি প্লাম বলেন,** "যাত্রীরা আনন্দিত যে আমাদের সাবওয়ে ঠিক করার এবং সকল নিউ ইয়র্কবাসীর প্রাপ্য নির্ভরযোগ্য ও অ্যাক্সেসিবল সেবা প্রদানের জন্য যে অর্থ প্রয়োজন তা জোগাড় করার ক্ষমতা এখন অবশেষে গভর্নর হোকলের রয়েছে।অনেক বছরের বিলম্বের পর, যার সাথে গণপরিবহনের যাত্রীরা অনেক বেশি পরিচিত, অবশেষে ফেডারেল সরকার সিদ্ধান্ত নিয়েছে যে কয়েক মিলিয়ন নিউ ইয়র্কবাসী, যাত্রী, এবং আমাদের শহরে বেড়াতে আসা মানুষের জন্য ভালো কিছু করা যায়। দীর্ঘমেয়াদি বিলম্বের সৃষ্টি করে এমন সাবওয়ে সিগন্যালের উন্নয়ন করা, নির্ভরযোগ্য অত্যাধুনিক নতুন সাবওয়ে কার ক্রয় করা, এবং প্রত্যেক নিউ ইয়র্কবাসীকে সিস্টেমে স্বাগত জানানোর জন্য নতুন স্টেশন এলিভেটর গঠনের জন্য তহবিলের সর্ববৃহৎ একক উৎস হলো যানজটের উপর দর বসানো। যানজটের উপর দর বসানো হলে তা সেই জটও ছাড়াবে যেখানে পরিবারগুলি আমাদের বাসকে গড়িয়ে চলার মতো ধীর করে দেয় এমন দামী পণ্য ও সেবা গ্রহণ করার জন্য বার্ষিক আনুমানিক 20 বিলিয়ন মার্কিন ডলার অপচয় করে। যানজটের উপর দর বসানোর সকল সুবিধা নিয়ে এর পক্ষে পরিস্থিতি এখনকার মতো কখনোই এতো দৃঢ় ছিলো না।"

**এনভায়রনমেন্টাল ডিফেন্স ফান্ডের (Environmental Defense Fund) নিউ ইয়র্ক ও নিউ জার্সি স্টেট পরিচালক ম্যারি বার্বার বলেন,** "আমরা খুশি যে নিউ ইয়র্ক সিটির যানজটের উপর দর বসানোর কর্মসূচিকে অনুমোদন প্রদানের ফেডারেল প্রক্রিয়া শহরকে যানজট থেকে মুক্তি দেওয়া, নিঃসরণ হ্রাস করা এবং নিউ ইয়র্কের গণপরিবহন ব্যবস্থার অত্যাবশ্যকীয় উন্নয়ন কাজের অর্থায়নের দিকে আরো অগ্রসর করছে। যানজটের উপর দর বসানো হলো নিউ ইয়র্কের টেকসই ভবিষ্যতের জন্য একটি মৌলিক নীতিমালা। ট্রাক এবং বাসের বৈদ্যুতিকরণের মতো সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের সুবিধাকে অগ্রাধিকার দিবে ও নিশ্চিত করবে এমন অন্যান্য

সম্পূরক নীতিমালার সাথে এই কর্মসূচিটির দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করার মাধ্যমে জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তিতে গভর্নর হোকলের নেতৃত্ব দেখার জন্য আমরা উন্মুখ।"

**ট্রাই-স্টেট ট্রান্সপোর্টেশন ক্যাম্পেইনের (Tri-State Transportation Campaign) নির্বাহী পরিচালক রেনে রেনল্ডস বলেন,** "যানজটের উপর দর বসানো হলে তা আমাদের শহর ও অঞ্চলের জন্য অনেক লাভজনক হবে। MTA এবং গভর্নর হোকলের ঘোষিত প্রশমন পরিকল্পনার ব্যাপারে আমরা দারুণ উৎসুক। এর বাস্তবায়ন, যার মধ্যে রয়েছে উন্নত বৈদ্যুতিকরণ অবকাঠামো ও সাউথ ব্রঙ্কসের মতো অতিরিক্ত ভারযুক্ত পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার সম্প্রদায়ে ডিজেল নিঃসরণ উল্লেখযোগ্যভাবে হ্রাস করা, আমাদেরকে সমতার, টেকসই, স্বাস্থ্যকর এবং বসবাসযোগ্য একটি অঞ্চলের জন্য আমাদের প্রয়াসকে অগ্রসর করতে সাহায্য করবে।"

**মুভ NY ক্যাম্পেইন টু ব্রিং কনজেশন প্রাইসিং টু NYC (Move NY Campaign to bring Congestion Pricing to NYC) এর প্রতিষ্ঠাতা এবং পরিচালক অ্যালেক্স ম্যাথিয়েসেন বলেন,** "যানজটের উপর দর বসানোর ব্যাপারে ফেডারেল অনুমোদন হলো নিউ ইয়র্ক মেট্রো এলাকার এবং সামগ্রিক দেশের জন্য বিশাল একটি বিজয়, যেহেতু অন্য শহরগুলিও ট্র্যাফিক হ্রাস করার জন্য এবং গণপরিবহন উন্নত করার জন্য এই উদ্ভাবনী কর্মসূচিটি গ্রহণ করার জন্য আগ্রহী। প্রশমন ব্যবস্থার যে বলিষ্ঠ প্যাকেজের প্রতি নিউ ইয়র্ক প্রতিশ্রুতি গ্রহণ করেছে তা বিশেষ করে গুরুত্বপূর্ণ, কারণ এটি আরো সমতার, ন্যায্য এবং টেকসই NYC তৈরির জন্য দীর্ঘদিন পূর্বেই হওয়া উচিত ছিলো এমন একটি প্রয়াসের সূচনা করবে।"

**বাইক নিউ ইয়র্ক অ্যাডভোকেসির (Bike New York Advocacy) পরিচালক জন অর্কুট বলেন,** "বাইক নিউ ইয়র্ক যানজটের উপর দর বসানোর সমর্থন করছে, এবং এই ব্যবস্থার বাস্তবায়ন এবং নিউ ইয়র্কের কেন্দ্রীয় ব্যবসা জেলা ও এর আশেপাশে অতি প্রয়োজনীয় ট্র্যাফিক হ্রাস দেখার জন্য আমরা উন্মুখ। লন্ডনে যানজটের উপর দর বসানোর ফলে দারুণ সড়কের নিরাপত্তা লাভ হয়েছে, এবং সেই ব্যাপারে এখন নিউ ইয়র্কে আমাদের সবরকম সাহায্য প্রয়োজন।"

**চূড়ান্ত পরিবেশ সংক্রান্ত মূল্যায়নটি পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার সম্প্রদায়সমূহের প্রতি পূর্ববর্তী প্রতিশ্রুতিসমূহের অনুবর্তী**

একত্রে, MTA এবং পরিবহন বিভাগ দুটিটি প্রশমন ব্যবস্থার জন্য পাঁচ বছরে 207.5 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি দিচ্ছে যা অনেকাংশেই পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার সম্প্রদায় ও জনগোষ্ঠীর জন্য হবে। এর মধ্যে রয়েছে নতুন নিম্ন আয়ের ছাড় হিসেবে পৃথক করে রাখা 47.5 মিলিয়ন মার্কিন ডলার এবং ট্র্যাফিক, বাতাসের মান, এবং ট্রানজিট স্টেশনের উপাদানসমূহের বাড়তি নজরদারির জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার।

যেমনটি চূড়ান্ত পরিবেশগত মূল্যায়নে দেখা গেছে, প্রশমন ব্যবস্থাগুলি পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার সম্প্রদায়সমূহের সম্ভাব্য বিরূপ প্রভাব সমাধান করবে। চূড়ান্ত পরিবেশগত মূল্যায়নের নতুন প্রতিশ্রুতিসমূহের মধ্যে রয়েছে:

- একটি নিম্ন আয়ের চালকের ছাড়ের কর্মসূচি নিম্ন আয়ের নিয়মিত চালকদের প্রতি ক্যালেন্ডার মাসে প্রথম 10টি যাত্রার পর থেকে পূর্ণ CBD E-Zপাশ টোলের হারে 25 শতাংশ ছাড় প্রদান করবে (মাঝ রাতের সময়কাল বাদ দিয়ে)।
- ট্যাক্সি এবং ভাড়ার যানবাহন থেকে দিনে একবারের বেশি টোল নেওয়া যাবে না
- আঞ্চলিক প্রশমন ব্যবস্থা
    - অন্তত রাত 12টা থেকে সকাল 4টা পর্যন্ত ট্রাক এবং অন্যান্য যানবাহনের জন্য সর্বোচ্চ টোলের কমপক্ষে 50 শতাংশ ছাড় প্রদান।
    - পুরোনো ডিজেল ট্রাককে নিম্নতর নিঃসরণের যানবাহন দ্বারা প্রতিস্থাপন ত্বরান্বিত করতে NYC DOT এর পরিচ্ছন্ন ট্রাক কর্মসূচি সম্প্রসারিত করবে
    - NYC DOT এর অফ-হাওয়ার ডেলিভারি কর্মসূচি সম্প্রসারিত করবে
- স্থান ভিত্তিক প্রশমন ব্যবস্থা
    - হান্টস পয়েন্ট মার্কেটের রেট্রোফিট রেফ্রিজারেশন ট্রেইলারসমূহকে অপরিষ্কার ডিজেল থেকে পরিচ্ছন্ন হাইব্রিড ডিজেলে পরিবর্তিত করবে
    - বৈদ্যুতিক ট্রাক চার্জিং অবকাঠামো সম্প্রসারিত করবে
    - পার্কের পুনর্বাসন করবে এবং EJ সম্প্রদায়সমূহে হাইওয়ে সংলগ্ন উদ্ভিদ প্রতিবন্ধকতা বৃদ্ধি করবে
    - হাইওয়ের কাছের স্কুলে বাতাসের ফিলট্রেশন ইউনিট স্থাপন করবে
    - NYC স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্য বিভাগের (Department of Health and Mental Hygiene) স্কুলের অ্যাজমা কেস ব্যবস্থাপনা সম্প্রসারিত করবে এবং ব্রঙ্কসে একটি নতুন অ্যাজমা কেন্দ্র স্থাপন করবে

TMRB ছাড় এবং মওকুফ সম্পর্কিত নীতিমালা সুপারিশ করতে পারে যা EA এর সম্প্রদায়ের বাইরেও কাজ করবে।

এই প্রতিশ্রুতিগুলি হলো পূর্বের রূপরেখায় প্রদত্ত প্রতিশ্রুতির একটি সম্প্রসারণ যেমন ব্রঙ্কস এবং আপার ম্যানহাটন EJ সম্প্রদায়ে অবস্থিত বাস ডিপোর বৈদ্যুতিকরণকে অগ্রাধিকার প্রদান, 60 হাজারের কম সমন্বয়কৃত স্থূল আয়সহ নিম্ন আয়ের CBD বাসিন্দাদের একটি কর ক্রেডিট প্রদান করা এবং 10 মার্কিন ডলারের E-Zপাশ ট্যাগ ডিপোজিট ফি অপসারণ করা ইত্যাদি। প্রতিশ্রুতির পূর্ণ তালিকা দেখুন এখানে।

## কর্মসূচির সুবিধাসমূহ

পরিবেশ সংক্রান্ত পর্যালোচনাটিতে গবেষণা করা 28 কাউন্টি এলাকাজুড়ে মূল্যায়নটি দেখেছে যে ম্যানহাটনের কেন্দ্রীয় ব্যবসা জেলায় কাজের জন্য যাতায়াত করে যারা, তাদের মাত্র 11 শতাংশ গাড়ি চালায় এবং বাকি 85 শতাংশ গণপরিবহন ব্যবহার করে। যানজট কম করা এবং গণপরিবহনের জন্য রাজস্ব সৃষ্টি করার মাধ্যমে, কর্মসূচিটি প্রতিদিন কয়েক মিলিয়ন মানুষকে লাভবান করবে। প্রশমনের নতুন প্যাকেজের মাধ্যমে, কর্মসূচিটি এছাড়াও পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার সম্প্রদায়সমূহের বাতাসের মানে উল্লেখযোগ্য বিনিয়োগ করবে।

***কম যানজট।*** নিউ ইয়র্ক হলো মার্কিন যুক্তরাষ্ট্রের সর্বাপেক্ষা যানজটের শহরগুলির একটি। যানজটপূর্ণ সড়কের কারণে বাসের গতি ধীর হয়ে যায়, ডেলিভারি সেবাতে দেরি হয়, ব্যবসা

করার খরচ বৃদ্ধি পায়, এবং আমাদের জীবনযাত্রার মান কমে যায়।পরিবেশ সংক্রান্ত মূল্যায়নের অনুমান অনুযায়ী কেন্দ্রীয় ব্যবসা জেলায় প্রবেশ করা যানবাহনের সংখ্যা মোটামুটি 15-20 শতাংশ হ্রাস পাবে, বা দৈনিক প্রায় 110,000 থেকে 143,000 যান কম চলবে, যা এখন ব্রুকলিন ব্রিজের দ্বারা ম্যানহাটনে প্রবেশ করা যানের সংখ্যার সমান।

নিম্ন আয়ের এবং সংখ্যালঘু গৃহস্থালিগুলি সাবওয়েসহ অন্য যেকোনও ধরনের পরিবহনের তুলনায় নিউ ইয়র্ক সিটির বাস বেশি ব্যবহার করে। 2010 সালের তুলনায় স্থানীয় বাসের গতি কেন্দ্রীয় ব্যবসা জেলায় 28 শতাংশ হ্রাস পেয়েছে এবং ম্যানহাটনের সিলেক্ট বাস সার্ভিস অন্যান্য বরোর সিলেক্ট বাস সার্ভিসের তুলনায় 19 ভাগ ধীরে চলে। যদিও বাস নেটওয়ার্ক নতুন করে নকশা করার মতো চলমান MTA উদ্যোগসমূহের কারণে গতি বৃদ্ধি পেয়েছে, যানজটের উপর দর বসানো হলে তা বাস সেবার পাশাপাশি প্যারাট্রানজিট সেবার যাত্রা সময়ও উন্নত করবে।

***আরো সমতার, অ্যাক্সেসিবল একটি ট্রানজিট ব্যবস্থা*** কর্মসূচিটি MTA এর 2020-2024 সালের রূপান্তরমূলক প্রকল্পসহ বিভিন্ন মূলধন কর্মসূচির জন্য 15 বিলিয়ন মার্কিন ডলার লেভারেজ করার মতো পর্যাপ্ত মোট রাজস্ব তৈরি করবে। MTA এর ট্রানজিট ব্যবস্থা, এবং বিশেষ করে বাস নেটওয়ার্কটি, নিম্ন আয়ের মানুষ এবং সংখ্যালঘিষ্ঠ সম্প্রদায়সমূহে সেবাদান করে সমতার প্রচার করে। এই তহবিলটি MTA কে অ্যাক্সেসিবিলিটি উন্নয়নকাজ সম্পূর্ণ করার জন্য এর আগ্রাসী সময়রেখা ধরে অগ্রগতি করতে এবং সেই সাথে এক শতকের বেশি পুরোনো একটি ট্রানজিট ব্যবস্থাকে ভালো দশায় রাখার জন্য প্রয়োজনীয় মেরামত কাজ করতে দিবে।

***আরো স্বাস্থ্যকর, আরো টেকসই একটি ভবিষ্যৎ।*** যানজটের উপর দর বসানোর ফলে তা সবুজতর ভবিষ্যতকে সমর্থন করার জন্য অঞ্চলটির বাস্তবায়ন করা সবথেকে বেশি সার্বিক পরিকল্পনাগুলির একটি ব্যবহার করে সামগ্রিক আঞ্চলিক বাতাসের মান উন্নত করবে। পরিবেশ সংক্রান্ত মূল্যায়ন দেখেছে যে টোলিংয়ের সম্ভাব্য সকল দৃশ্যপটের ক্ষেত্রে কেন্দ্রীয় ব্যবসা জেলা এবং সামগ্রিক অঞ্চলে যানবাহনের ভ্রমণ করা মাইলের সংখ্যা হ্রাস পায়, এবং কর্মসূচিটি কিছু যাত্রীকে তাদের যানবাহন থেকে ট্রানজিটে চলে আস্তে উৎসাহিত করবে।

## নজিরবিহীন প্রসারের আউটরিচ এবং সম্প্রদায়কে জড়িত করা

পরিবেশ সংক্রান্ত পর্যালোচনার প্রক্রিয়াজুড়ে, প্রকল্পের অংশীদারগণ 19টি আউটরিচ সেশন, যার মধ্যে নয়টির মূল বিষয় ছিলো পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার সম্প্রদায়সমূহ, পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচারের প্রায়োগিক উপদেষ্টাগণ এবং স্টেকহোল্ডার ওয়ার্কিং গ্রুপের সাথে 10টি বৈঠক, এবং 2022 সালের আগস্ট মাসে খসড়া পরিবেশ সংক্রান্ত মূল্যায়ন প্রকাশ হওয়ার পর ছয়টি গণশুনানির আয়োজন করেছে। প্রারম্ভিক আউটরিচ সেশনসমূহ এবং গণশুনানিগুলিতে মোট প্রায় 950 বক্তা অংশগ্রহণ করেছে। নির্বাচিত কর্মকর্তা, সম্প্রদায়ের বোর্ড, ট্রানজিট এবং পরিবেশ সংক্রান্ত অ্যাডভোকেট, এবং অন্যান্য আগ্রহী পক্ষের জন্য অতিরিক্ত পৃথক বৈঠক আয়োজন করা হয়েছে।

MTA এবং পরিবহন বিভাগ দুইটি 22,000 এর বেশি স্বতন্ত্র মন্তব্য এবং 55,000 এর বেশি জমাকৃত ফর্ম পেয়েছে এবং তার সাড়াদান করেছে। গণশুনানিগুলির ভিডিওগুলি সব মিলিয়ে 25,000 এর বেশিবার দেখা হয়েছে।

**পরিবেশ সংক্রান্ত মূল্যায়ন গবেষণার ক্ষেত্র**
জনগণের সকল মতামত অন্তর্ভুক্ত এবং নথিভুক্ত করার পর, চূড়ান্ত পরিবেশ সংক্রান্ত মূল্যায়ন নিউ ইয়র্ক, নিউ জার্সি, এবং কাইনেটিকাটজুড়ে 28টি কাউন্টিতে যানজট, ট্রানজিট, বাতাসের মান এবং অগণিত অন্যান্য পরিবেশ নির্ণায়কের উপর কেন্দ্রীয় ব্যবসা জেলা টোলিংয়ের প্রভাব বিশ্লেষণ করবে। গবেষণার ক্ষেত্রে 22 মিলিয়ন মানুষ রয়েছে, যার মধ্যে 12.3 বাসিন্দা পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার সম্প্রদায়সমূহে, এবং পাঁচটি ট্রাইবাল নেশনে বাস করে।

পরিবেশ সংক্রান্ত মূল্যায়নটি একটি আঞ্চলিক পরিবহন নেটওয়ার্কের জন্য ট্র্যাফিক এবং গণপরিবহনের প্রভাব যাচাই করে, নেটওয়ার্কে রয়েছে প্রতি কর্মদিবসে গড়ে 28.8 মিলিয়ন যাত্রা, 61,000 হাইওয়ে সংযোগ পয়েন্ট, 4,600 ট্র্যাফিক বিশ্লেষণ জোন, 44,267 বাস স্টপ বা ট্রানজিট স্টেশন, 4,170 ট্রানজিট রুট, এবং MTA ছাড়াও এক ডজনের বেশি গণপরিবহন প্রদানকারী, যেমন NJ ট্রানজিট, PATH, ফেরি এবং ওয়েস্টচেস্টার কাউন্টি বি-লাইনসহ আঞ্চলিক বাস ব্যবস্থা, NICE, এবং সাফোক কাউন্টি ট্রানজিট।

**কেন্দ্রীয় ব্যবসা জেলার টোলিং কর্মসূচির প্রেক্ষাপট**
2019 সালের এপ্রিল মাসে স্টেট কেন্দ্রীয় ব্যবসা জেলার টোলিং কর্মসূচিকে আবশ্যিক করে এবং যানজট কমাতে এবং গণপরিবহন উন্নত করতে প্রয়োজনীয় রাজস্ব অর্জন করতে বিশ্বের বিভিন্ন স্থানের দর বসানোর কর্মসূচির আদর্শের ভিত্তিতে তৈরি করা হয়েছে। কর্মসূচিটি ম্যানহাটনে 60 স্ট্রিট থেকে শুরু হয়ে এর দক্ষিণে যাত্রার জন্য যানবাহনের কাছ থেকে টোল গ্রহণ করবে, ফ্র্যাঙ্কলিন ডি. রুজভেল্ট ড্রাইভ, ওয়েস্ট সাইড হাইওয়ে, ব্যাটারি পার্ক আন্ডারপাস, এবং ওয়েস্ট স্ট্রিটের সাথে সংযোগকারী হিউ এল. ক্যারি টানেলের রাস্তার অংশ এর আওতার বাইরে থাকবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418